

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬৮৬

বিশালগড়, ৫ জুলাই, ২০২৪

বিশালগড় মহকুমায় মিধিলি বাড়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক সহায়তা
কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ৬২,৮৭,৪৫০ টাকা

বিশালগড় মহকুমার হরিশনগর গ্রামপঞ্চায়েতের গজারিয়া কমিউনিটি হলে গতকাল এক অনুষ্ঠানে মিধিলি বাড়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। স্টেট ডিজাস্টার রেসপন্স ফান্ড থেকে কৃষকদের এই সহায়তা দেওয়া হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক অন্তরা দেব সরকার। অনুষ্ঠানে বিশালগড় মহকুমার ২ হাজার ৪১৯ জন কৃষকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। ক্ষতিগ্রস্ত কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি ৬২ লক্ষ ৮৭ হাজার ৪৫০ টাকা দেওয়া হয়। অনুষ্ঠানে উদ্বোধন করে বিধায়ক অন্তরা সরকার দেব বলেন, রাজ্য সরকার কৃষি বিকাশ ও কৃষকদের কল্যাণে বহুমুখী পরিকল্পনা নিয়ে কাজ করছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ছন্দা দেববর্মা। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি বিশ্বজিৎ সাহা, উদ্যান পালন ও ভূমি সংরক্ষণ দপ্তরের উপঅধিকর্তা সঞ্জিব দেববর্মা এবং বিভিন্ন গ্রামপঞ্চায়েতে প্রধানগণ।
